JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নতুন রেড ফ্ল্যাগ আইন নিয়ে স্টেট জুড়ে শিক্ষা প্রচারাভিযান চালু করেছেন

কিভাবে এবং কখন চরম ঝুঁকি সুরক্ষা আদেশ (Extreme Risk Protection Orders, ERPO)- র জন্য মামলা দায়ের করতে হবে তা সহ - শিক্ষক, স্কুল প্রশাসকবৃন্দ এবং অভিভাবক প্রতিনিধিদের নতুন আগ্নেয়াস্ত্র সুরক্ষা আইন (New Gun Safety Law) বিষয়ে জানানোর উদ্দেশ্যে স্টেট জুড়ে তিনটি সম্মেলনের মধ্যে একটির আয়োজন করেছেন

শিক্ষক এবং পরিবারগুলোকে কোনও শিক্ষার্থী নিজেকে কিংবা অন্য কাউকে ক্ষতি করার ঝুঁকিতে রয়েছে কিনা তা নির্ধারণে সাহায্য করতে নতুন ওয়েবসাইট এবং তথ্য কল সেন্টার

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক-এর নতুন রেড ফ্ল্যাগ আগ্নেয়াস্ত্র সুরক্ষা আইন নিয়ে স্টেট জুড়ে শিক্ষা প্রচারাভিযান চালু করেছেন। শিক্ষক, স্কুল প্রশাসক এবং অভিভাবক প্রতিনিধিদের নতুন আইনটি বুঝতে এবং স্কুলগুলোকে নিরাপদ রাখতে কিভাবে এটি ব্যবহার করবেন সে সম্পর্কে সহায়তা করার উদ্দেশ্যে গভর্নর তিনটি সম্মেলনের প্রথমটির আয়োজন করেছেন। দেশের কঠোরতম বন্দুক আইনের অংশ এই আইনটি একটি নতুন দেওয়ানি কার্যপ্রণালী প্রতিষ্ঠা করে যা সংশ্লিষ্ট পরিবারের কোনো সদস্য, স্কুল কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার সদস্যকে - নিজের বা অন্যের জন্য মারাত্মক ক্ষতির ঝুঁকিপূর্ণ ব্যক্তির হাত থেকে বন্দুক অপসারণ এবং দূরে রাখার অনুমদন দিয়ে আদালতের আদেশ (Court Order) অর্জনের অনুমতি দেয়-যেটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ বলে পরিচিত। এই আদেশ কার্যকর থাকাকালে কোনো ব্যক্তির আগ্নেয়াস্ত্র, রাইফেল বা শটগান কিনতে বা অধিকার করায় আদালতের এই আদেশ বিশেষভাবে নিষাধাজ্ঞা আরোপ করে। এই আইনটি আগস্ট 24, 2019 সাল থেকে কার্যকর হয়েছে। পরবর্তীতে এই শরতে ম্যানহাটন এবং অ্যালবানিতে আরো সম্মেলনের পরিকল্পনা রয়েছে।

গভর্নর একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশের জন্য কিভাবে আবেদন করতে হবে সে বিষয়ে তথ্য এবং ধাপে ধাপে নির্দেশাবলীর লিঙ্ক সরবরাহকারী একটি নতুন ওয়েবসাইট চালু করেছেন। পরিবারের সদস্য, পুলিশ এবং শিক্ষাবিদদের জিজ্ঞাসার উত্তর দেওয়ার জন্য প্রশিক্ষিত ব্যক্তিরা এই কল সেন্টারের কর্মচারী হবেন। কল দেয়া ব্যক্তিদেরকে যথাযথ পরিষেবায় প্রেরণ করা যাচ্ছে তা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা, স্কুল কর্মকর্তা, আদালত ব্যবস্থা, এবং মানসিক স্বাস্থ্য এজেন্সিগুলোর বিস্তৃত সংস্থান এবং যোগাযোগ তথ্যে এই সকল কর্মীদের প্রবেশাধিকার থাকবে। বর্তমানে উন্মুক্ত কল সেন্টারে, 877-NYS-0101 নম্বরে যোগাযোগ করা যাবে এবং সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 9টা পর্যন্ত খোলা থাকবে।

"এই সাধারণ-জ্ঞান বন্দুক সুরক্ষা পদক্ষেপটি জীবন রক্ষা করতে পারে এবং আজকের বোঝার বিষয় হচ্ছে সেটি কিভাবে ব্যবহার করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "একটি সমাজ হিসাবে আমরা যখন এমন একটি পর্যায়ে পৌঁছে যাই যেখানে আমরা কোনো সক্রিয় বন্দুকবাজির দৃশ্যায়নের হিসেব করে স্কুলগুলো ডিজাইন করি, তখন বোঝা যায় যে কোথাও কোনো গুরুতর ভুল রয়েছে। এই নিউ ইয়র্কে আমরা জনগণকে সুরক্ষিত রাখতে দেশের সবচেয়ে শক্ত আগ্নেয়াস্ত্র সুরক্ষা আইন পাস করেছি এবং সেগুলো কার্যকরী। রেড ফ্ল্যাগ আইনের মাধ্যমে, আমরা সে সকল শিক্ষাবিদ এবং অভিভাবদেরকে তাদের কমিউনিটির সুরক্ষার জন্য পদক্ষেপ নিতে ক্ষমতাপ্রদান করছি যারা মনে করে কোনো একজন ব্যক্তি তার নিজের কিংবা অন্যের জন্য বিপজ্জনক।"

লং আইল্যান্ডে ফারমিংডেল কলেজে (Farmingdale College) গভর্নরের রেড ফ্ল্যাগ আইন সম্মেলনে যাঁরা উপস্থিত ছিলেন, তাঁদের মধ্যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) প্রতিনিধি, স্টেট মানসিক স্বাস্থ্য দপ্তর (State Office of Mental Health), স্টেট স্বাস্থ্য দপ্তর (State Department of Health), এবং স্টেট শিক্ষা দপ্তরের (State Education Department) পাশাপাশি আদালত প্রশাসনের দপ্তর (Office of Court Administration, OCA), স্থানীয় শিক্ষক, আইনশৃঙ্খলা প্রয়োগকারী সংস্থা ও আগ্নেয়াস্ত্র সুরক্ষা সমর্থনকারীরা। প্যানেলের বিশেষজ্ঞরা নিজেদের বা অন্যদের জন্য হুমকি সৃষ্টি করতে পারে একজন ব্যক্তির লক্ষণ এবং একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ অর্জন এবং আবেদন দায়ের করার প্রক্রিয়া ব্যাখ্যা করেছেন। অংশগ্রহণকারীদেরকে তাদের স্থানীয় আইন প্রয়োগকারী অংশীদারদের সাথে আবেদন প্রক্রিয়ার বিষয়ে নির্দেশনা ও সহায়তার জন্য যোগাযোগ করতে উৎসাহিত করা হয়েছিল।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "জনস্বাস্থ্য এবং নিউ ইয়র্ক স্টেটের শিশুদের রক্ষক হিসাবে, আমাদের স্কুল এবং কমিউনিটিগুলো বন্দুক সহিংসতা থেকে নিরাপদ রয়েছে তা নিশ্চিত করার লক্ষ্যে আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে। এই বছরের শুরুতে গভর্নর কুওমোর স্বাক্ষরিত রেড ফ্ল্যাগ আইন, স্কুল নেতৃবৃন্দকে ঝুঁকিপূর্ণ বৈশিষ্ট হিসেবে জ্ঞাত এবং সহিংসতার লক্ষণের আচরণকে স্বতঃপ্রনোদিতভাবে চিহ্নিত করতে এবং আগ্নেয়াস্ত্র অর্জনে নিষিদ্ধ করতে ও জীবন রক্ষা করতে আদালতকে অনুমোদন দেয়।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ কমিশনার, ডা. অ্যান সালিভান বলেন, "গভর্নর কুওমোর রেড ফ্ল্যাগ আইন নিজেকে বা অন্যদেরকে ক্ষতিগ্রস্থ করার ঝুঁকির মধ্যে থাকা লোকদের হাত থেকে আগ্নেয়াস্ত্রকে দূরে রাখার মাধ্যমে জীবন রক্ষা করবে। এটি জননিরাপত্তার একটি সাধারণ-জ্ঞান পদ্ধতি যা আমাদের শিশু ও আমাদের কমিউনিটিকে রক্ষা করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "রেড ফ্ল্যাগ আইনটি আইন প্রয়োগকারী সংস্থা, পরিবারের সদস্য এবং স্কুল প্রশাসকদের হস্তক্ষেপ করার এবং সহিংসতা ঘটার পূর্বেই প্রতিরোধ করার ক্ষমতা প্রদান করে। স্টেট পুলিশ জনসাধারণকে তাদের স্কুল বা কমিউনিটিগুলোতে সন্দেহজনক ক্রিয়াকলাপ পর্যবেক্ষণ করার অনুপ্রেরণা দেয়। প্রাসঙ্গিক তথ্য জানিয়ে দেয়ার মাধ্যমে, আমরা সকলেই ট্র্যাজেডি প্রতিরোধে সহায়তা করতে পারি।"

নাসাউ কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ম্যাডেলিন সিনগাস বলেন, "ঐতিহাসিকভাবে লং আইল্যান্ডের সহিংস অপরাধের স্বল্প হারে নিউ ইয়র্কের শক্ত আগ্নেয়াস্ত্র আইন ভূমিকা রেখেছে, এবং চরম ঝুঁকি সুরক্ষা আদেশ আমাদের কমিউনিটিকে নিজের বা অন্যের ক্ষতি করতে পারে এমন লোকদের কাছ থেকে বন্দুক অপসারণ করার পদ্ধতিটিকে আরও সুরক্ষিত করার জন্য একটি নতুন সরঞ্জাম। গভর্নর কুওমো এবং আইনসভাকে তাদের নেতৃত্বের জন্য আমি সাধুবাদ জানাই, এবং এই জীবনরক্ষাকারী আইনটিকে পাস করানোর জন্য যারা অক্লান্ত পরিশ্রম করেছেন এমন হাজারো নিবেদিত সমর্থকারীদের ধন্যবাদ জানাই।"

সাফোক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি টিম সিনি বলেন, "এটি আমাদের সবচেয়ে অরক্ষিত জনসংখ্যাকে রক্ষা করতে এবং সহিংসতা সংঘটিত হওয়া থেকে প্রতিরোধ করতে আমাদের সরঞ্জাম বাক্সে আরো একটি সরঞ্জাম যুক্ত করল। আমি নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার উদ্দেশ্যে এই আইনটির পেছনে নিরলসভাবে লেগে থাকার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

সাফোক কাউন্টি পুলিশ কমিশনার জেরালডিন হার্ট বলেন, "সাফোক কাউন্টি পুলিশ বিভাগ আমাদের স্কুলের শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে সাফোক কাউন্টি সুপারিন্টেন্ডেন্টস অ্যাসোসিয়েশন (Suffolk County Superintendents Association) এবং আইন প্রয়োগকারী আমাদের সকল অংশীদারদের সাথে কাজ করে চলেছে। স্কুলের সুরক্ষা ব্যবস্থাগুলোকে আরও উন্নত করার লক্ষে আমরা আমাদের অঞ্চলের শিক্ষক এবং স্টেকহোল্ডারদের সাথে নিরলসভাবে কাজ চালিয়ে যাব, এবং নিরর্থক ট্র্যাজেডি রোধে এবং সাফোক কাউন্টির বাসিন্দাদের সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করার উদ্দেশ্যে গভর্নর কুওমোর সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

চরম ঝুঁকি সুরক্ষা আদেশ

একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ, বা ERPO কেবলমাত্র কাউন্টির সুপ্রিম কোর্ট জারি করতে পারে যেখানে সংশ্লিষ্ট ব্যক্তি একজন:

- পুলিশ কর্মকর্তা
- ডিস্ট্রিক্ট অ্যাটর্নি
- পরিবার বা পরিবারের সদস্য
- প্রিন্সিপাল বা প্রিন্সিপাল কর্তৃক নিয়োগকৃত অন্য যোগ্যতাসম্পন্ন স্কুল কর্মকর্তার হলফকৃত আবেদনের উপরে নির্ভর করে

সতর্ক সংকেত

নিম্নলিখিত কিছু বৈশিষ্ট্য নিজের বা অন্যের বিরুদ্ধে সহিংস আচরণের জন্য একজনের সম্ভাব্য ঝুঁকি নির্দেশ করতে পারে:

- সহিংসতার হুমকি দেয়া
- সহিংস হুমকি বাস্তবায়ন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা

- সহিংসতা সম্পাদন করার ইতিহাস
- স্কুলে অস্ত্র আনা
- ক্রোধ এবং আবেগের সাম্প্রতিক তীব্রতা

পদক্ষেপ গ্রহণ

যদি শিক্ষক বা অভিভাবকরা আশঙ্কা করেন যে কোনো শিশু নিজের বা অন্যদের জন্য প্রত্যক্ষ ঝুঁকি তৈরি করছে, তাদের উচিত:

- আইনশৃঙ্খলা রক্ষাকারীদের জড়িত করা। বিধিবদ্ধ আইন স্কুল কর্মকর্তাদের ERPO-র জন্য সরাসরি আদালতে আবেদন করার অনুমতি দিলেও, স্কুলগুলোর উচিত প্রাসঙ্গিক তথ্য সহকারে স্থানীয় আইন প্রয়োগকারীদের সাথে যোগাযোগ করা।
- নিজেকে বা অন্যকে সুরক্ষার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া। সহিংসতার হুমকির ক্ষেত্রে, 911-এ কল করা।
- সহিংসতার যেকোনো পরিকল্পিত লক্ষ্য সম্পর্কে অবহিত করতে কর্তৃপক্ষকে সতর্ক করা।
- একটি ERPO উপযুক্ত কিনা তা নির্ধারণ করতে স্কুল কর্তৃপক্ষের সাথে পরামর্শ করুন অথবা আইন প্রয়োগকারীদের কল করুন।

আবেদন

- কোর্ট প্রশাসন অফিস (OCA)-র ওয়েবসাইট http://ww2.nycourts.gov/erpo-তে ERPO আবেদন এবং সংশ্লিষ্ট সকল নথি পাওয়া যায়।
- আবেদনটিতে অবশ্যই ERPO-এর অনুরোধকে সমর্থনকারী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। আদালত বিচারের যে আইনী মাপকাঠি ব্যবহার করবেন তা হল সম্ভাব্য কারণ।
- আবেদনে সম্ভাব্য যে তথ্যগুলোতে চিহ্নিত করতে হবে তার মধ্যে রয়েছে:
  - হুমকি বা সহিংসতামূলক ক্রিয়াকলাপ
  - কোনো সুরক্ষা আদেশের লঙ্ঘন বা লঙ্ঘনের অভিযোগ
  - অস্ত্র ব্যবহারের সাথে জড়িত কোনো অপরাধের জন্য মুলতুবি প্রাপ্ত অভিযোগ কিংবা সাজা
  - বন্দুকের বেপরোয়া ব্যবহার বা প্রদর্শন
  - ERPO লঙ্ঘনের কোনো ইতিহাস
  - মাদকের সাম্প্রতিক বা চলমান অপব্যবহার (6 মাসের মধ্যে)
  - সাম্প্রতিককালে বন্দুক, গোলাবারুদ বা মারাত্মক অস্ত্র অর্জন (6 মাসের মধ্যে)।

একটি ERPO জারি করা

- কোনো আবেদন জমা দেওয়ার সাথে সাথেই একটি অস্থায়ী ERPO জারি করা যেতে পারে, যদি আদালত নির্ধারণ করে যে এটি বিশ্বাস করার সম্ভাব্য কারণ রয়েছে যে ব্যক্তি এমন আচরণে জড়িত হতে পারে যার ফলে কারও মারাত্মক ক্ষতি হতে পারে।

- আদালত যদি একটি অস্থায়ী ERPO জারি করে তাহলে চূড়ান্ত ERPO জারি করবে কিনা তা নির্ধারণের জন্য অবশ্যই 3-6 কর্ম দিবসের মধ্যে শুনানি করতে হবে।
- চূড়ান্ত ERPO গুলো 1 বছরের জন্য কার্যকর থাকে, যে সময়ের পরে সেগুলোকে নবায়ন করা হতে পারে
- যখনই ERPO জারি করা হয় (অস্থায়ী অথবা চূড়ান্ত), আদালতকে সংশ্লিষ্ট ব্যক্তির আগ্নেয়াস্ত্রের লাইসেন্স স্থগিত বা মূলতবি করতে হবে।
- ইস্যু করা আদালত কোনো বাসভবনের ভেতর সহ সংশ্লিষ্ট ব্যক্তির দখলে থাকা বন্দুক অনুসন্ধানের জন্য পুলিশকে নির্দেশ দিতে পারে।

সমন্বয় ও রক্ষাকবচ

- জারি করা আদালতকে ERPO-র অনুলিপিগুলোকে নিউইয়র্ক স্টেট পুলিশ, ফৌজদারি বিচার বিভাগ পরিষেবাগুলো (Division of Criminal Justice Services, DCJS) স্থানীয় আইন প্রয়োগকারী, এবং স্থানীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্সিং কর্মকর্তাদের অবশ্যই অবহিত এবং তাদের কাছে প্রেরণ করতে হবে।
- DCJS-কে তাৎক্ষণিকভাবে জাতীয় প্রত্যক্ষ অপরাধ পটভূমি পরীক্ষা করার সিস্টেমে (National Instant Criminal Background Check System, NICS) প্রবেশের জন্য এফবিআইয়ের কাছে ERPO জারি করার বিষয়ে অবিলম্বে রিপোর্ট করতে হবে। আদেশ কার্যকর থাকাকালে এটি বিবাদীকে বন্দুক কেনা থেকে বিরত রাখবে।

দেশের সবচেয়ে দৃঢ় আগ্নেয়াস্ত্র সুরক্ষা আইন

গভর্নর কুওমোর নেতৃত্বে, 2013 সালে নিউ ইয়র্ক দেশের মধ্যে সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে SAFE আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড চেক করা অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণক্ষমতাযুক্ত ম্যাগজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয় এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরও কঠোর হয় এসব বিষয় নিশ্চিত করে।

SAFE আইন (SAFE Act) পাসের পর থেকে, একজন মানসিক স্বাস্থ্য পেশাদার দ্বারা যারা "নিজেরাই বা অন্যকে গুরুতর ক্ষতি করতে পারে এমন আচরণে জড়িত হতে পারে" হিসেবে বিবেচিত সেই মানসিক অসুস্থতা থাকা ব্যক্তিদের থেকে অস্ত্র দূরে রাখার উদ্দেশ্যে স্টেট কর্মকর্তারা মানসিক স্বাস্থ বিষয়ক পেশাদারদের কাছ থেকে 142,774টি প্রতিবেদন পেয়েছেন। এসব প্রতিবেদন - যেগুলো সম্ভাব্য বিপজ্জনক মানসিক স্বভাবের প্রায় 100,000 লোকের প্রতিনিধিত্ব করে - উপযুক্ত স্থানীয় লাইসেন্সিং কর্মকর্তাদের অবহিত করার উদ্দেশ্যে ব্যবহৃত হয় যারা অস্ত্রের লাইসেন্স স্থগিত বা বাতিল করে এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছে সমর্পণ করা হয়নি এমন অস্ত্র অপসারণের জন্য তাগিদ দেয়।

নিউ ইয়র্ক স্টেট ছয় বছর পূর্বে SAFE আইন পাশ করেছে এবং এটি কাজ করেছে। আইনসম্মত কোনো আগ্নেয়াস্ত্র মালিকদের অধিকার লঙ্ঘিত করা হয়নি তবে অপ্রয়োজনীয়, বিপজ্জনক অস্ত্র রাস্তা থেকে উঠিয়ে দেয়া হয়েছে এবং বিপজ্জনক ব্যক্তিদের বন্দুক কেনা নিষিদ্ধ করা হয়েছে।

গভর্নর এ বছর পটভূমি যাচাইয়ের জন্য অপেক্ষার মেয়াদ বৃদ্ধি; বাম্প স্টক (bump stock) নিষিদ্ধকরণ; সনাক্তকরণ অযোগ্য বন্দুক নিষিদ্ধকরণ; আগ্নেয়াস্ত্রের নিরাপদ সংরক্ষণ আইন সম্প্রসারণ; স্কুল ডিসট্রিক্টগুলো কর্তৃক শিক্ষকদের অস্ত্র-সজ্জিত করা প্রতিরোধ; এবং অঙ্গরাজ্যব্যাপী বন্দুক কিনে ফেরত (buyback) নেয়ার কর্মসূচিসহ বিধিবিধান প্রতিষ্ঠার সমন্বিত আইন সহযোগে নিউইয়র্কের দেশকে নেতৃত্ব দানকারী বন্দুক আইনের ভিত্তি তৈরির কাজ অব্যাহত রেখেছেন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন